সরকারের প্রথম ১০০ দিনে ৬০৫ খুন হয়েছে: টিআইবি



সংবাদ সম্মেলনে টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান। ছবি: সংগৃহীত

সরকারের প্রথম ১০০ দিনে দেশে খুন, ডাকাতি, ছিনতাই ও অপহরণসহ বিভিন্ন অপরাধ উদ্বেগজনকভাবে বেড়েছে বলে দাবি করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। সংস্থাটির তথ্যমতে, এ সময়ে দেশে ৬০৫টি খুন এবং ১৯৬টি অপহরণের ঘটনা ঘটেছে।

সোমবার (৭ জুন) রাজধানীর ধানমন্ডিতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে টিআইবি তাদের ‘ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন পরবর্তী সরকারের ১০০ দিন’ শীর্ষক পর্যবেক্ষণ প্রতিবেদন প্রকাশ করে।

প্রতিবেদনে বলা হয়, মার্চ ও এপ্রিল মাসে ২৯৪টি ছিনতাই, ৯০টি ডাকাতি এবং ২ হাজার ২১৪টি চুরির ঘটনা ঘটেছে। এছাড়া নারী ও শিশু নির্যাতনের ঘটনা ছিল ৩ হাজার ৪৯৬টি। একই সময়ে পুলিশের ওপর হামলার ঘটনাও ঘটেছে ১২৯টি।

টিআইবির তথ্যে আরও বলা হয়, আলোচিত সময়ে ধর্ষণ, গণধর্ষণ ও শিশু ধর্ষণের ঘটনাও উদ্বেগজনক ছিল।

সংবাদ সম্মেলনে টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, সরকারের প্রথম ১০০ দিনে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি নাজুক ছিল এবং নানা ধরনের অপরাধ ও সহিংসতার ঘটনা অব্যাহত রয়েছে।